সাবেক শিল্পমন্ত্রী তোফায়েল আহমেদসহ তিনজনের বিরুদ্ধে বিচার শুরু



সাবেক শিল্পমন্ত্রী তোফায়েল আহমেদ। ছবি: সংগৃহীত

ক্ষমতার অপব্যবহার করে ১ কোটি ২৫ লাখ টাকা আত্মসাতের অভিযোগে সাবেক শিল্পমন্ত্রী ও আওয়ামী লীগের প্রবীণ নেতা তোফায়েল আহমেদসহ তিনজনের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার (৭ মে) ঢাকার বিভাগীয় স্পেশাল জজ বেগম শামীমা আফরোজ এ আদেশ দেন। একই সঙ্গে সাক্ষ্যগ্রহণের জন্য আগামী ২২ জুন দিন নির্ধারণ করা হয়েছে।

আদালতের পাবলিক প্রসিকিউটর ইসতিয়াক আহমেদ জানান, আসামিদের বিরুদ্ধে আগে জারি হওয়া গ্রেপ্তারি পরোয়ানাও বহাল রাখা হয়েছে। এ মামলার অপর দুই আসামি হলেন ম্যাডোনা অ্যাডভারটাইজিং লিমিটেডের প্রধান হিসাবরক্ষক মোহাম্মদ আনোয়ারুল ইসলাম এবং মোশারফ হোসেন। এর আগে পলাতক থাকায় গত ১৯ এপ্রিল তাদের বিরুদ্ধে পরোয়ানা জারি করা হয়েছিল।

শুনানিতে তোফায়েল আহমেদের আইনজীবী খায়ের উদ্দিন শিকদার আদালতকে জানান, তার মক্কেল দীর্ঘদিন ধরে গুরুতর অসুস্থ এবং স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তিনি কাউকে চিনতে পারেন না, স্মৃতিশক্তিও হারিয়েছেন বলে দাবি করেন আইনজীবী। এ কারণে মামলার কার্যক্রমে অংশ নেওয়ার মতো শারীরিক ও মানসিক সক্ষমতা তার নেই উল্লেখ করে মানসিক স্বাস্থ্য পরীক্ষার আবেদনও করা হয়।

মামলার এজাহার অনুযায়ী, ২০০২ সালে তৎকালীন দুর্নীতি দমন ব্যুরো এ মামলা দায়ের করে। অভিযোগে বলা হয়, তোফায়েল আহমেদ সহযোগীদের সঙ্গে যোগসাজশে সোনালী ব্যাংকের মতিঝিল করপোরেট শাখা থেকে বিভিন্ন সময়ে ১ কোটি ২৫ লাখ টাকা স্থানান্তর ও উত্তোলন করেন। তদন্ত শেষে তিনজনের বিরুদ্ধে অভিযোগপত্র জমা দেওয়া হলেও পরবর্তীতে উচ্চ আদালতের নির্দেশে মামলার কার্যক্রম দীর্ঘদিন স্থগিত ছিল।